

দেশ রূপান্তর

শুক্রবার

৭ ফেব্রুয়ারি ২০২০, ২৪ মাস ১৪২৬

ইউআইইউ'র ষষ্ঠ সমাবর্তন

নিজস্ব প্রতিবেদক

বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবর্তন গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে তার প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সমাবর্তন বক্তা ছিলেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা অধ্যাপক গওহর রিজভী।

শিক্ষামন্ত্রী বলেন, 'জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের এগিয়ে আসতে হবে। একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলা ও চতুর্থ শিল্পবিপ্লবের জন্য নিজেদের উপযোগী করে তুলতে হবে। এ ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে।' সমাবর্তনে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজ, উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ উপস্থিত ছিলেন।